ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
৩। প্রাক্কলনের কপি।

বিষয় ঃ মড্‌স জোন-২ এর আওতাধীন ০৭ গ্রুপের মাস্ ক্লিনিং এর (১ম ফেজ) কাজ করার লক্ষ্যে প্ল্যাস্টিকের বস্তা ক্রয় এবং ক্লিনিং কাজের উত্তোলিত স্ল্যাজ অপসারনের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া করণ কাজের খরচের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, মড্‌স্ জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠ পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোলের মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় চলতি বছরেও মাস্ ক্লিনিং কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মড্স জোন-২ এর সমগ্র এলাকাকে ২২ টি ভাগে (২২ গ্রুপ মাস্ ক্লিনিং) বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায়ে ০৭ টি গ্রুপের মাস ক্লিনিং (প্রায় ২৫.৩৪৫ কিঃ মিঃ) কাজ করার লক্ষ্যে ডেইলি লেবার বাদে শুধু মাত্র প্ল্যাস্টিকের বস্তা ক্রয় এবং উত্তোলিত স্ল্যাজ অপসারনের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া করণ কাজের খরচের জন্য দর নির্ধারন কমিটির অনুমোদিত দর অনুযায়ী ০১ টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহাতে টাকার পরিমান দাঁড়িয়েছে = ৪,৯৮,০০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৭৭ এর স্যুয়ার লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে মড্‌স জোন-২ এর আওতাধীন ০৭ গ্রুপের মাস্ ক্লিনিং এর (১ম ফেজ) কাজ করার লক্ষ্যে প্ল্যাস্টিকের বস্তা ক্রয় এবং ক্লিনিং কাজের উত্তোলিত স্ল্যাজ অপসারনের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া করণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট= ৪,৯৮,০০০.০০ (চার লক্ষ আটানব্বই হাজার) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৭৬/১(ট) ধারা অনুসারে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান এ.এফ.এল এন্টারপ্রাইজ এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

০৪/০২/২৫ — মোঃ ... (সহকারী প্রকৌশলী)

০৪/০২/২৫
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা

SE (MODS-1)
০৪/০২/২৫
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা।

P.T.O

প্র:-৩৭ম ব্যবস্থাপনা —
৩। অনু:২ এর প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

০৬/০২/২০২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড়স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
০৭/০২/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O&M)

১৩/২/২০২৫
প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

MD

৪। LTM-এ দেখলাম।

CE
২৩/২/২০২৫
এ.কে.এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

DMD (O&M)

২৩/২/২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

৫। EE (Nazrul - Zone - 2)

০৫। As discussed pls take N/A.

০৩/০৩/২০২৫

প্রাপ্তি ১১৯০ তাং ২৫/০২/২০২৫
SE/প্রা:সং: ০৩/০৩/২৫
প্রা:-১৩৫০ DMD (O&M) ০৩/০৩/২৫
৪৪৫ ১৩/০২/২৫